যদি আসে তবে কেন যেতে চায় ।
দেখা দিয়ে তবে কেন গো লুকায় ॥
    চেয়ে থাকে ফুল হৃদয় আকুল—
        বায়ু বলে এসে 'ভেসে যাই' ।
        ধরে রাখো, ধরে রাখো—
    সুখপাখি ফাঁকি দিয়ে উড়ে যায় ॥
পথিকের বেশে সুখনিশি এসে
বলে হেসে হেসে 'মিশে যাই' ।
    জেগে থাকো, সখী, জেগে থাকো—
    বরষের সাধ নিমেষে মিলায় ॥

---

Parjaay: Prem, Taal: Ektaal (3-3), Raag: Mishra Malhar

Visit www.geetabitan.com for notation and other detail